7

দৈনিক সংবাদ

তারিখ ... 09 AUG 1995 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২

৭৪

# যশোর শিক্ষা বোর্ড ১৮ জন সাসপেন্ড

(নিজস্ব বার্তা পরিবেশক)

যশোর, ৮ই আগস্ট।– দুর্নীতির অভিযোগে যশোর শিক্ষা বোর্ডের ১৮ জন কর্মচারীকে আজ সাসপেন্ড করা হয়েছে। জেলা দুর্নীতি দমন বিভাগ গত ১৬ই জুলাই তাদের বিরুদ্ধে চার্জশিট দেয়। একই সাথে বোর্ড কর্তৃপক্ষকে অভিযুক্তদের অবিলম্বে সাসপেন্ড করার সুপারিশ করে।

সাসপেন্ডকৃত কর্মচারীরা হলো বোর্ড চেয়ারম্যানের পিএস আবদুল কাদের, সিবিএ সভাপতি মিজানুর রহমান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। এছাড়া বোর্ড ইউনিয়নের ১৫ জন কর্মকর্তার মধ্যে রয়েছে ওসমান গনি, রেজাউল ইসলাম,

যশোর ঃ পৃঃ ২ কঃ ৩

## যশোর ঃ ১৮ জন সাসপেন্ড

( ১ম পৃষ্ঠার পর )

কাজী আবদুল জলিল, শেখ নাজিম উদ্দীন, জালাল উদ্দীন, আবদুস সাত্তার মাঝি, আবু জাফর, আবুল হাসেম, আবদুস সোবহান, মোস্তাফিজুর রহমান, মিজানুল হক, জহুরুল ইসলাম, আকরাম হোসেন, আবদুল জলিল ও জিল্লুর রহমান।

এসব কর্মচারী '৯১ সালে বোর্ডের চেয়ারম্যান ও সেক্রেটারিকে জিম্মি করে ৭ লাখ টাকার কাগজ নামমাত্র মূল্যে ক্রয় করে। বোর্ড কর্তৃপক্ষ অবশ্য ঐ কাগজ বিক্রির জন্য দু'দফা টেন্ডার আহ্বান করে। অথচ তাদের বাধার মুখে তা কার্যকর করতে পারেনি। এ বিষয়ে ইতিপূর্বে 'সংবাদ'–এ দু'দফা খবর প্রকাশিত হয়।